অদ্যই বিতরণযোগ্য

**বিশেষ বাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৮.১১.০০১.১৮.৫৭ তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫ / ২৬ ফেব্রুয়ারি ২০১৯

**বিষয়: বেসরকারি আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ।**

সরকারি স্বার্থ রক্ষার্থে তথ্য মন্ত্রণালয়ের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনায় সহায়তা প্রদানের জন্য বেসরকারি আইনজীবী নিয়োগকরণ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক ইত্তেফাক পত্রিকায় আগামী ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের সকল সংস্করণে একবার ভিতরের পাতায় সংক্ষিপ্ত পরিসরে হুবহু মুদ্রণ/প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। নিয়োগ বিজ্ঞপ্তিটি মুদ্রণ/প্রকাশের পর ০৩ (তিন) কপি পত্রিকা এবং ০৩ (তিন) কপি বিল নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ **নিয়োগ বিজ্ঞপ্তি ০১ (এক) পাতা।**

(মোঃ মোতালেব হোসাইন)
সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৫৮৯

সম্পাদক
দৈনিক ইত্তেফাক
৪০, কাওরান বাজার
ঢাকা-১২০৮।

**অনুলিপিঃ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

০১। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র)/ যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
আইন শাখা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৮.১১.০০১.১৮.৫৫

তারিখঃ ১৪ ফাল্গুন ১৪২৫ / ২৬ ফেব্রুয়ারি ২০১৯

## বেসরকারি আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি স্বার্থ রক্ষার্থে তথ্য মন্ত্রণালয়ের পক্ষে ও বিপক্ষে বিজ্ঞ এটর্ণী জেনারেলের মাধ্যমে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় সহায়তা প্রদানের জন্য দেওয়ানীসহ অধঃস্তন আদালতে মামলা পরিচালনার জন্য এবং প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে মামলা পরিচালনার জন্য ৫(পাঁচ) জন বেসরকারি আইনজীবী তালিকাভুক্ত করার লক্ষ্যে বাংলাদেশী বংশোদ্ভূত আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

০১। আবেদনকারী আইনজীবীকে ঢাকা মহানগরীতে স্থায়ীভাবে বসবাসরত হতে হবে;

০২। আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, বয়স, TIN (যদি থাকে), মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দিতে হবে;

০৩। আবেদনের সাথে সদ্য তলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে দিতে হবে;

০৪। আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিলের সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা সনদপত্রসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

০৫। সুপ্রীম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মামলা পরিচালনার ক্ষেত্রে আইনজীবী হিসেবে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে হাইকোর্ট বিভাগে ন্যূনতম ৭(সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তাছাড়া একক/যৌথভাবে কমপক্ষে ৫০ (পঞ্চাশ)টি মামলা পরিচালনার ও নিষ্পত্তির অভিজ্ঞতা থাকতে হবে;

০৬। দেওয়ানী আদালতে মামলা পরিচালনার ক্ষেত্রে দেওয়ানী আদালতে আইনজীবী হিসেবে কমপক্ষে ৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

০৭। প্রশাসনিক ট্রাইবুনালে মামলা পরিচালনার ক্ষেত্রে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

০৮। আবেদনের সাথে মামলার ধরন অনুযায়ী পরিচালনা ব্যয়ের বিস্তারিত হিসাব উল্লেখ করতে হবে;

০৯। সরকার কর্তৃক নির্ধারিত হারে আইনজীবীগণকে ফি পরিশোধ করা হবে এবং এ ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট বিধিবিধান প্রযোজ্য হবে;

১০। অন্য কোনো প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে;

১১। আবেদনকারীর বয়স ৬০ বছরের অধিক হতে পারবে না, তবে অবসরপ্রাপ্ত জেলা জজ/বিচারকগণের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য;

১২। আইনজীবী নিয়োগের মেয়াদ ০৩ (তিন) বছর হবে;

১৩। কোনো আইনজীবী অব্যাহতি গ্রহণ করতে চাইলে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নিয়োগকারী তথ্য মন্ত্রণালয়ে নোটিশ প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট বিজ্ঞ আইনজীবী দ্বারা পরিচালিত মামলার সকল নথি-পত্র তথ্য মন্ত্রণালয়ে জমা প্রদান করার শর্তে অব্যাহতি সংক্রান্ত আবেদনটি বিবেচনার যোগ্য হবে। অপরদিকে নিয়োগকারী তথ্য মন্ত্রণালয় ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদানের মাধ্যমে প্যানেলভুক্ত কোনো আইনজীবীকে অব্যাহতি প্রদান করতে পারবে;

১৪। আগামী ২১ মার্চ ২০১৯ তারিখের মধ্যে ডাকযোগে সহকারী সচিব (আইন) ও সদস্য সচিব, বেসরকারি আইনজীবী নিয়োগ কমিটি, তথ্য মন্ত্রণালয়, কক্ষ নং-৮১০ (৮ম তলা), ভবন নং-০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদন পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না; এবং

১৫। কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। বেসরকারি আইনজীবী নিয়োগ/তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মোতালেব হোসাইন)
সহকারী সচিব
ও
সদস্য সচিব
বেসরকারি আইনজীবী নিয়োগ কমিটি
তথ্য মন্ত্রণালয়